

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চরভদ্রাসন, ফরিদপুর

হাট বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের জন্য জানানো যাচ্ছে যে, চরভদ্রাসন উপজেলা নির্বাহী অফিসারের নিয়ন্ত্রণাধীন নিম্নোক্ত হাট-বাজারসমূহ সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ১৪২৭ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদের ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত হাট-বাজার ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/সংস্থা/পেশাজীবী সংগঠনের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নস্বাক্ষরকারীর অফিসসহ জেলা প্রশাসক, ফরিদপুর, সহকারী কমিশনার(ভূমি), চরভদ্রাসন, ফরিদপুর, অফিসার ইন চার্জ, চরভদ্রাসন থানা এবং ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, চরভদ্রাসন শাখা হতে নির্ধারিত তারিখে অফিস চলাকালীন সময়ে দরপত্র ক্রয় করা যাবে এবং ধার্য তারিখ বেলা ০১.০০ টা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর এবং জেলা প্রশাসক, ফরিদপুর এর অফিসে রক্ষিত বাস্তব দরপত্র দাখিল করা যাবে এবং ঐদিন বেলা ০৩.০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। দরপত্র আহবান ও দাখিল সম্পর্কিত অন্যান্য শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে।

ক্রম	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	১৪২৭ বাংলা সনের সম্ভাব্য ইজারা মূল্য	সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য)
০১	চরহরিরামপুর	আঃ হাই খানের হাট বাজার	৮৯,৮৩৫/-	৫০০/-
০২	চরহরিরামপুর	আমিন খার হাট বাজার	১,৯৯,৬৬০/-	১,০০০/-
০৩	চরভদ্রাসন	মৌলভীর চর হাট-বাজার	৪,৪৬,১০১/-	১,৬০০/-
০৪	চরভদ্রাসন	চরভদ্রাসন হাট-বাজার	৭৪,৩৬,৯৬০/-	১৫,৬০০/-
০৫	গাজিরটেক	চরহাজীগঞ্জ হাট বাজার	৪০,৫৩,০৮৭/-	৮,৮০০/-
০৬	গাজিরটেক	চরঅযোধ্যা হাট-বাজার	৮,৮৪৫/-	৫০০/-

ডাকের তপশীল :

ইজারায়োগ্য হাট-বাজারের সংখ্যা	ডাক	দরপত্র বিক্রির শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার সময়
০৬ টি	১ম ডাক	০৪ মার্চ/২০২০ ২০ ফাল্গুন/১৪২৭ বাংলা বিকাল ০৫.০০ টা পর্যন্ত	০৫ মার্চ/২০২০ ২১ ফাল্গুন/১৪২৭ বাংলা দুপুর ০১.০০ টা পর্যন্ত	দরপত্র দাখিলের দিন বিকাল ০৩.০০ ঘটিকায় দরপত্র খোলা হবে।
	২য় ডাক	১১ মার্চ/২০২০ ২৭ ফাল্গুন/১৪২৭ বাংলা বিকাল ০৫.০০ টা পর্যন্ত	১২ মার্চ/২০২০ ২৮ ফাল্গুন/১৪২৭ বাংলা দুপুর ০১.০০ টা পর্যন্ত	
	৩য় ডাক	১৮ মার্চ/২০২০ ০৪ চৈত্র/১৪২৭ বাংলা বিকাল ০৫.০০ টা পর্যন্ত	১৯ মার্চ/২০২০ ০৫ চৈত্র/১৪২৭ বাংলা দুপুর ০১.০০ টা পর্যন্ত	
	৪র্থ ডাক	২৪ মার্চ/২০২০ ১০ চৈত্র/১৪২৭ বাংলা বিকাল ০৫.০০ টা পর্যন্ত	২৫ মার্চ/২০২০ ১১ চৈত্র/১৪২৭ বাংলা দুপুর ০১.০০ টা পর্যন্ত	

১৪২৭ বাংলা সনের চরভদ্রাসন উপজেলার হাট-বাজার ইজারার শর্তাবলী :

- বাংলা ১৪২৭ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালে হাট-বাজার ইজারা দেয়া হবে।
- দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যেকোন তফশীলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে উহা অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যাপণ করা হবে।
- যার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্য-দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা' হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।